শেয়ার উপ-বিভাগ

তারিখ: ২৩-১২-২০২০

**বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ডিসেম্বর-২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী**

**সভার তারিখঃ** ২৩-১২-২০২০
**সভার স্থানঃ** ইনোভেশন অফিসারের অফিস কক্ষ
**সময়ঃ** বিকাল ০৩:০০ ঘটিকা
**সভার সভাপতিঃ** জনাব মোঃ আলাউদ্দিন
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) এবং ইনোভেশন অফিসার।

সভায় কমিটির নিম্নোক্ত নির্বাহী-কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

| নং | নাম ও পদবী | মহাবিভাগ/বিভাগ/উপ-বিভাগ |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শিব্বির আহমেদ, সহকারী মহাব্যবস্থাপক | কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ |
| ২ | জনাব মোঃ আব্দুর রহিম, সিনিয়র প্রিন্সিপাল অফিসার | অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট |
| ৩ | জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার | নিরীক্ষা ও পরিদর্শন উপ-বিভাগ |
| ৪ | জনাব মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট | কম্পিউটার উপ-বিভাগ |
| ৫ | জনাব মোঃ আব্দুল লতিফ, প্রিন্সিপাল অফিসার | শেয়ার উপ-বিভাগ |
| ৬ | জনাব পলাশ হালদার, সিনিয়র অফিসার | কম্পিউটার উপ-বিভাগ |
| ৭ | জনাব মোঃ জয়নুল আবেদীন, সিনিয়র অফিসার | কেন্দ্রীয় হিসাব উপ-বিভাগ |

ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**আলোচ্য বিষয়-১: অক্টোবর-২০২০ মাসের ব্যাংকের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী উপস্থাপন ও অনুমোদন**

**আলোচনাঃ** সভাপতি মহোদয়ের স্বাগত বক্তব্যে পর জনাব মোঃ আব্দুর রহিম, অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট মহোদয় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ বিষয়ে আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ**

- বিগত সভার কার্যবিবরণী পঠিত ও অনুমোদিত বলে গন্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-২: ২০২০-২১ অর্থবছরের বাছাইকৃত আইডিয়া বাস্তবায়নে করণীয় নির্ধারণ**

**আলোচনাঃ** ট্রেনিং ইনিস্টিটিউটের অধ্যক্ষ মহোদয় কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরে সেবা সহজীকরণ করার লক্ষ্যে বিগত অক্টোবর-২০২০ মাসের ইনোভেশন আইডিয়া বিষয়ক সভায় ০৬ টি বাস্তবায়নেযোগ্য আইডিয়া নির্বাচন করা হয়। বাস্তবায়নযোগ্য আইডিয়াসহ প্রাপ্ত আইডিয়াসমূহের মধ্যে থেকে নূন্যতম ২/১ টি সেবা সহজীকরণ আইডিয়া বাছাইপূর্বক তা বাস্তবায়নের জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠন করা প্রয়োজন যে কমিটি দ্রুততম সময়ের মধ্যে বাছাইকৃত আইডিয়াসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদান করবে। তিনি উক্ত কমিটি নিম্নোক্তভাবে প্রস্তাব করেন।



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

**বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ডিসেম্বর-২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী**

| ক্র নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে স্ট্যাটাস | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ শিব্বির আহমেদ<br>সহকারী মহাব্যবস্থাপক | সভাপতি | |
| ০২. | জনাব মোহাম্মদ হাসান মাহমুদ<br>সিস্টেম এনালিস্ট | সদস্য | |
| ০৩. | জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব<br>প্রোগ্রামার | সদস্য সচিব | |

উপরোক্ত প্রস্তাবিত কমিটি নির্বাচিত আইডিয়াগুলো বাস্তবায়নে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবে এবং প্রয়োজনে সভাপতি মহোদয়ের সাথে পরামর্শ করবে এবং সময়ে সময়ে সভাপতি মহোদয়কে এ বিষয়ক অগ্রগতি অবহিত করবেন।

**সিদ্ধান্তঃ**

- উপরোক্ত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-
  - কমিটি আইডিয়া বাস্তবায়নে বাস্তবধর্মী নূন্যতম ১/২ টি আইডিয়া নির্বাচনসহ করণীয় সম্পর্কে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবেন।

**আলোচ্য বিষয়-৩: ব্যাংকের Personnel Management Information System সম্পর্কিত আলোচনা।**

**আলোচনাঃ** ট্রেনিং ইন্সটিটিউট এর অধ্যক্ষ ও শেয়ার উপ-বিভাগ প্রধান মহোদয় সভাকে অবহিত করেন যে, ব্যাংকের সকল কর্মকর্তা -কর্মচারী ব্যক্তিগত তথ্য ও চাকুরি সংক্রান্ত তথ্য সম্বলিত Personnel Management Information System -এ তথ্য সন্নিবেশের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তিনি জানান এ প্রক্রিয়াটি সম্মানিত সভাপতি জনাব মোঃ আলাউদ্দিন, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) এবং ইনোভেশন অফিসার মহোদয়ের নিয়মিত কঠোর তদারকির মাধ্যমে Personnel Management Information System-এ পর্যায়ে নিয়ে এসেছেন। সভাপতি মহোদয় বর্ণিত তথ্য সন্নিবেশের কার্যক্রম সম্পন্ন করার পর সফটওয়্যারটি নিয়মিত আপডেট রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া রিপোর্ট জেনারেট এবং ০১ জন কর্মকর্তা যাতে উক্ত সফটওয়্যারটি তদারকি করেন সে বিষয়ে আলোকপাত করেন।

**সিদ্ধান্তঃ**

- সকলের অংশগ্রহনমূলক আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়-
  - PMIS-সফটওয়্যারটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য একটি High Powered কমিটি গঠন করতে হবে।
  - PMIS-সফটওয়্যারে তথ্য হালনাগাদীকরণ এবং যাচাইকারী কর্মকর্তা নির্বাচন পূর্বক সপ্তাহে ০২ দিন তথ্য হালনাগাদের কাজে নিয়োজিত থাকবে।
  - PMIS-সফটওয়্যারে হালনাগাদকৃত তথ্য রেজিষ্টারভুক্ত করতে।

**আলোচ্য বিষয়-৪ বিবিধ: ব্যাংক কর্তৃক গৃহীত উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত বিষয়ে বিবিধ আলোচনা এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন সংক্রান্ত সিদ্ধান্ত সমূহ নিম্নে উল্লেখ করা হলো।**

**৪.১ নির্দিষ্ট ইনোভিশন আইডিয়াটি মেন্টরিং প্রসংগেঃ**



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ডিসেম্বর-২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী

**আলোচনাঃ সভাপতি মহোদয় জানান যে** গৃহীত ইনোভেটিভ আইডিয়াগুলো টেকনিক্যাল কমিটির মাধ্যমে মেন্টরিং করা প্রয়োজন যাতে তা সঠিক সময়ে বাস্তবায়ন করা যায় এবং কাংখিত প্রান্তিকে উক্ত আইডিয়ার বিপরীতে বরাদ্দকৃত নম্বর অর্জন করা সম্ভবপর হয়।

**সিদ্ধান্তঃ**

- আইডিয়াগুলো বাস্তবায়নে টেকনিক্যাল কমিটি কর্তৃক মেন্টরিং-এর মাধ্যমে দ্রুততম সময়ে বাস্তবায়ন করতে হবে।

**৪.২ আইডিয়া বাস্তবায়নের নিবিষ্টতা প্রসংগেঃ**

**আলোচনাঃ** মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) ও সভাপতি মোহাম্মদ আলাউদ্দিন মহোদয় আইডিয়া বাস্তবায়নে নিবিষ্টভাবে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন যাতে আইডিয়াগুলো যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়।

**সিদ্ধান্তঃ**

- গৃহীত আইডিয়াসমূহ বাস্তবায়নে নিবিড় তত্ত্বাবধান করতে হবে এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১২/২০২০
পলাশ হালদার
সিনিয়র অফিসার
কম্পিউটার উপ-বিভাগ
ও সদস্য-সচিব ইনোভেশন টিম

২৩/১২/২০২০
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার উপ-বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২৩/১২/২০
মোঃ আব্দুর রহিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
ও সদস্য ইনোভেশন টিম

মোঃ আলাউদ্দিন 23/12/20
মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন)
এবং
ইনোভেশন অফিসার

**বিতরনঃ**

- স্টাফ অফিসার টু জিএম (প্রশাসন), মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অধ্যক্ষ, ট্রেনিং ইন্সটিটিউট, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-বিভাগ প্রধান, নিরীক্ষা ও পরিদর্শন উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:-**

- স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।



**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd